# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র** বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

**সময় — ২ ঘন্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. আরিনের রাষ্ট্রে স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ বিদ্যমান। কারণ, সেখানে সরকার দক্ষতা ও সর্বত্র স্বচ্ছতার সাথে রাষ্ট্র পরিচালনা করে। সকল ক্ষেত্রে আইনের শাসন বিদ্যমান থাকায় দুর্নীতি সেখানে নেই বললেই চলে।

ক. Civics শব্দটি কোন ভাষা থেকে এসেছে? ১

খ. একজন নাগরিকের পৌরনীতিবিষয়ক জ্ঞান থাকা আবশ্যক কেন? ২

গ. আরিনের রাষ্ট্রে শাসনব্যবস্থার কোন দিকটি তুলে ধরা হয়েছে? উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত রাষ্ট্রে বিদ্যমান শাসনব্যবস্থার অন্যান্য গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. ▶ জনাব দবির উদ্দিন একজন সৎ ও ধার্মিক মানুষ। তিনি অন্যকে সৎ জীবনযাপনের উপদেশ দেন। তিনি সব সময় অন্যায়ের প্রতিবাদ করেন। তিনি রাষ্ট্রের অধিকার সম্পর্কে খুবই সচেতন। এজন্য সবাই তাকে শ্রদ্ধা করে।


ক. Morality শব্দের অর্থ কী? ১

খ. মানুষ আইন মান্য করে কেন? ২

গ. জনাব দবির উদ্দিনের চরিত্রে কোন দিকটি প্রকাশ পেয়েছে? উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি সুশাসন প্রতিষ্ঠায় কীভাবে ভূমিকা রাখতে পারে? যুক্তিসহ বর্ণনা করো। ৪

৩. ▶




https://teachingbd24.com

ক. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে কী বসবে? ১
খ. আইনের শাসন বলতে কী বুঝ? ২
গ. সুশাসনের বৈশিষ্ট্যগুলো উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বৈশিষ্ট্যগুলো একটি দেশের সুশাসন প্রতিষ্ঠায় কীরূপ ভূমিকা পালন করে বলে তুমি মনে করো? ৪

৪. ★ আইন কী? স্বাধীনতা রক্ষা করে? রাকিবের এমন প্রশ্নের জবাবে তার শ্রেণি শিক্ষক বললেন, স্বাধীনতার জন্য আইন তৈরি হয়েছে এবং স্বাধীনতাই আইন তৈরি করতে সহায়তা করে। তাই আইন ও স্বাধীনতা একে অপরের ভিত্তি রচনা করে।

ক. যুক্তরাজ্যের আইন কোন বিষয়ের ওপর ভিত্তি করে সৃষ্টি হয়েছে? ১
খ. স্বাধীনতা বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে রাকিবের শিক্ষকের জবাবে আইন ও স্বাধীনতার মধ্যে যে সম্পর্ক প্রকাশ পেয়েছে তার স্বরূপ আলোচনা করো। ৩
ঘ. 'আইন ও স্বাধীনতা একে অপরের ভিত্তি রচনা করে।' তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫. ★ মিমের বাবা মিমকে বললেন, 'আগে আমরা পাবলিক পরীক্ষায় ফলাফল জানার জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে ভিড় করতাম। কিন্তু এখন তোমরা প্রযুক্তির কল্যাণে ঘরে বসেই পরীক্ষার ফলাফল জানতে পার। এছাড়া, শপিং, ট্রেনের টিকেট কাটা, পরীক্ষার ফরম পূরণ ইত্যাদিসহ অনেক কাজ ঘরে বসে সহজেই করতে পার।'

ক. ই-গভর্নেন্স কী? ১
খ. ই-গভর্নেন্স কীভাবে দুর্নীতি রোধ করে? ২
গ. মিমের বাবার বক্তব্যের মূল বিষয় কী? উদ্দীপকের আলোকে বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত সুবিধাগুলোর মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় সরকারের ভূমিকাকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? বিশ্লেষণ করো। ৪

৬. ▶ চীনা নাগরিক মি. লিউ বাংলাদেশে বেড়াতে এসে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সাথে সাক্ষাৎ করেন এবং তাদের ভিন্ন ভিন্ন আদর্শ দেখে মুগ্ধ হন। কিন্তু তার দেশের দল ব্যবস্থার কথা মনে করে কষ্ট পান। তিনি মনে করেন, অনেক দল থাকার কারণে এ দেশের মানুষ রাজনীতি সম্পর্কে সচেতন।

https://teachingbd24.com

ক. বাংলাদেশে কী ধরনের দলব্যবস্থা প্রচলিত রয়েছে? ১
খ. গণতন্ত্রে রাজনৈতিক দল অপরিহার্য কেন? ২
গ. মি. লিউ এর দেশে কোন ধরনের দলব্যবস্থা বিদ্যমান? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. লিউ-এর দেশ এবং বাংলাদেশের দলব্যবস্থার পার্থক্য নিরূপণ করো। ৪

**৭.** ☆ মিথিলা ও মৃদুলা সরকারের বিভিন্ন বিভাগের ক্ষমতা নিয়ে আলোচনা করছিল। মিথিলা বলল, 'আইনসভা আইন প্রণয়ন করলেও তার বাস্তবায়ন করে অন্য একটি বিভাগ। বিভাগটি সরকারের অন্য দুটি বিভাগ হতে বেশি গুরুত্বপূর্ণ। সরকার বলতে আমরা মূলত উক্ত বিভাগকেই বুঝে থাকি।

ক. সরকারের বিভাগগুলোর নাম লেখ? ১
খ. বিচার বিভাগের স্বাধীনতা প্রয়োজন কেন? ২
গ. উদ্দীপকে মিথিলার বক্তব্যে যে বিভাগের ইঙ্গিত আছে উদ্দীপকের আলোকে তার সম্পর্কে আলোচনা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, উক্ত বিভাগের কাজ দিন দিন বৃদ্ধি পাচ্ছে? উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

**৮.** ▶ দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাখনি হতে দেশের জাতীয় স্বার্থে কয়লা উত্তোলন করা প্রয়োজন। কিন্তু উক্ত এলাকায় জনগণ তাদের ঘর-বাড়ির ভবিষ্যৎ নিয়ে আতঙ্কগ্রস্ত। এমতাবস্থায়, স্থানীয় সকল স্তরের জনগণ কয়লা উন্মুক্ত পদ্ধতিতে উত্তোলন না করার জন্য সরকারের প্রতি অনুরোধ জানায়। সরকার জনমতের প্রতি সাড়া দিয়ে উন্মুক্ত পদ্ধতিতে কয়লা উত্তোলন না করার সিদ্ধান্ত নেয়।

ক. রাজনৈতিক সংস্কৃতি কী? ১
খ. শিক্ষাপ্রতিষ্ঠান কীভাবে জনমত গঠনে ভূমিকা রাখে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত এলাকার জনগণের মধ্যে কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে? উদ্দিপকের আলোকে বিশ্লেষণ করো। ৩
ঘ. তুমি কি মনে করো, উদ্দীপকে উল্লিখিত সরকারের পদক্ষেপ সঠিক ছিল? উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৯. ▶ জনাব হাবিবুর রহমান সম্প্রতি পদোন্নতি পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে যোগদান করেছেন। তিনি অফিসে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। কাজের ক্ষেত্রে তিনি সর্বদা সুনির্দিষ্ট নিয়মকানুন অনুসরণ করেন। তিনি কোন ফাইল আটকে রাখেন না।

ক. আমলাতন্ত্রের জনক কে? ১

খ. লালফিতার দৌরাত্ম্য বলতে কী বুঝ? ২

গ. জনাব হাবিবুর রহমানের মাঝে আমলাতন্ত্রের যে বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. 'হাবিবুর রহমানের মতে আমলারাই দেশের উন্নয়নের ধারক ও বাহক। উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৪

১০. ★ ১৯৫২ সালে বাংলা ভাষা ও সংস্কৃতির ভিত্তিতে গড়ে ওঠে বাঙালি জাতীয়তাবাদ। বাঙালি জাতীয়তাবাদের ভিত্তিতেই ১৯৭১ সালে জন্ম হয় বাংলাদেশ নামক একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের।

ক. জাতিরাষ্ট্র কী? ১

খ. জাতি ও জাতীয়তার মধ্যে পার্থক্য নির্দেশ করো। ২

গ. উদ্দীপকের আলোকে জাতীয়তার উপাদানগুলো আলোচনা করো। ৩

ঘ. জাতীয়তার অন্যতম উপাদান হিসেবে ভাষা ও সংস্কৃতির গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. ▶ সুমনা বাংলাদেশের নাগরিক। রাষ্ট্র তাকে আইনের আশ্রয় লাভের অধিকার, চলাফেরার স্বাধীনতাসহ ১৮টি মৌলিক অধিকার ভোগ করার সুযোগ দেয়। এছাড়া সরকার তথ্য অধিকার আইনের মাধ্যমে তাকে অবাধ তথ্য পাওয়ার নিশ্চয়তা দিয়েছে। তথাপি, সে রাষ্ট্রের প্রতি তার করণীয় সম্পর্কে অসচেতন। সে নির্বাচনে ভোটদানে অংশগ্রহণ করে না এবং নিয়মিত কর প্রদান করে না।

ক. বাংলাদেশ তথ্য অধিকার আইন কখন প্রণীত হয়? ১

খ. মৌলিক অধিকার বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্য অধিকার আইনের উল্লেখযোগ্য বিষয়সমূহ আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সুমনার বর্জনীয় কাজ দুটি কোন ধরনের কর্তব্যের অন্তর্ভুক্ত? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. গণতান্ত্রিক সরকারকে সঠিক পথে পরিচালিত করে—
ক) জনমত খ) মন্ত্রিসভা
গ) আমলাগণ ঘ) রাজনৈতিক দল

২. ★ জাতির ভাব যেমন জাতীয়তা, তেমনি জাতীয়তার ধারণাই—
ক) জাতি খ) জাতীয়তাবোধ
গ) জাতিরাষ্ট্র ঘ) জাতীয়তাবাদ

৩. কোন নীতি অনুসারে আমলাতন্ত্রে বিভিন্ন পদের শ্রেণিবিন্যাস ও সংগঠন করা হয়?
ক) দলীয়নীতি অনুসারে
খ) পদসোপান নীতি অনুসারে
গ) রাষ্ট্রীয় মূলনীতি অনুসারে
ঘ) রাষ্ট্রীয় নীতি অনুসারে

৪. মন্ত্রিপরিষদকে পদত্যাগ করতে হয় কেন?
ক) আইন পরিষদের আস্থা প্রস্তাব গৃহীত হলে
খ) আইন পরিষদের অনাস্থা প্রস্তাব গৃহীত হলে
গ) মন্ত্রিপরিষদ দুর্নীতি করলে
ঘ) মন্ত্রিপরিষদ দেশ চালাতে ব্যর্থ হলে

৫. বাংলাদেশের সরকারব্যবস্থা হচ্ছে—
i. রাজতন্ত্র
ii. প্রজাতন্ত্র
iii. সংসদীয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. ★ বাংলাদেশ সরকার তথ্য অধিকার আইন প্রবর্তন করে কত সালে—
ক) ২০০৯ সালে খ) ২০১০ সালে
গ) ২০১১ সালে ঘ) ২০১২ সালে

৭. ই-গভর্নেন্সের উদ্দেশ্য হলো সরকারকে—
i. কর্মমুখী হিসেবে গড়ে তোলা
ii. দক্ষ করে গড়ে তোলা
iii. নাগরিক কেন্দ্রিক হিসেবে গড়ে তোলা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:**
সরকারের সকল ক্ষমতা যদি একই ব্যক্তি বা বিভাগের হাতে থাকে তখন ব্যক্তিস্বাধীনতা খর্ব হয় এবং সরকার স্বৈরাচারী হতে পারে। মূলত এ লক্ষ্যেই ক্ষমতাস্বতন্ত্রীকরণ নীতির উদ্ভব। তবে বর্তমানে এটি সবখানে পুরোপুরি কার্যকর করা যায়নি।

৮. ক্ষমতাস্বতন্ত্রীকরণ নীতির সর্বাধিক গ্রহণযোগ্য সংজ্ঞা প্রদান করেন কে?
ক) ম্যাক্সওয়েবার খ) এরিস্টটল
গ) মন্টেস্কু ঘ) বুশো

৯. ক্ষমতাস্বতন্ত্রীকরণ নীতি প্রয়োগ করা যায় না কারণ—
i. সরকারের কাজগুলো পৃথক নয়
ii. অঙ্গসমূহের অসহযোগিতা বাড়ে
iii. সম্পূর্ণ পৃথকীকরণ বাঞ্ছনীয় নয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. প্রধানত কিসের পার্থক্যের কারণে ভারতবর্ষ বিভক্ত হয়ে ভারত ও পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টি হয়েছিল?
ক) ভাষা ও সংস্কৃতির কারণে
খ) রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসের কারণে
গ) ধর্মের কারণে
ঘ) দৈহিক গঠন কাঠামোর কারণে

১১. কোন দেশের বিচারকগণ আইনসভা কর্তৃক মনোনীত হন?
ক) সুইজারল্যান্ডের খ) নিউজিল্যান্ডের
গ) ব্রিটেনের ঘ) বাংলাদেশের

**নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:**
মি. রাসেল একজন সংসদ সদস্য। তিনি এলাকার উন্নয়নের জন্য কাজ করেন ও গরিব-দুঃখী সকলের সাথে হাসিমুখে কথা বলেন। তার বক্তব্য ও কাজের দ্বারা জনগণ ভীষণভাবে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত হয় এবং যেকোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকে।

১২. উদ্দীপকের মি. রাসেল কোন ধরনের নেতৃত্বের অধিকারী?
ক) বিশেষজ্ঞসুলভ খ) রাজনৈতিক
গ) সম্মোহনী ঘ) প্রশাসনিক

১৩. মি. রাসেলের মতো এমন নেতৃত্ব সমাজে প্রতিষ্ঠা করবে—
ক) সুশাসন খ) সহনশীলতা
গ) জবাবদিহিতা ঘ) স্বচ্ছতা

Teachingbd24.com

১৪. সুষ্ঠু জনমত গঠনে কোনটি অপরিহার্য?
ক শিক্ষার প্রসার
খ মতামত প্রকাশের স্বাধীনতা
গ সামাজিক স্বার্থ　ঘ একতা

১৫. ★ আইনসভার প্রথম কক্ষকে কী বলে?
ক উচ্চকক্ষ　খ নিম্নকক্ষ
গ কংগ্রেস　ঘ লর্ডসভা

১৬. সিভিটাস শব্দের অর্থ কী?
ক নগর　খ নাগরিক
গ নগররাষ্ট্র　ঘ রাষ্ট্র

১৭. গণতন্ত্র কেন সর্বোৎকৃষ্ট শাসনব্যবস্থা?
ক এটি জনগণের শাসিত শাসনব্যবস্থা বলে
খ প্রধানমন্ত্রী শাসিত শাসনব্যবস্থা বলে
গ রাষ্ট্রপতি শাসিত শাসনব্যবস্থা বলে
ঘ আমলাতান্ত্রিক শাসনব্যবস্থা বলে

১৮. পৌরনীতি ও সুশাসন আলোচনা করে নাগরিকের—
i. সামাজিক কার্যকলাপ নিয়ে
ii. রাজনৈতিক কার্যকলাপ নিয়ে
iii. সাংস্কৃতিক কার্যকলাপ নিয়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১৯. সুশাসন প্রতিষ্ঠার জন্য চাই স্বচ্ছতা, কেননা—
ক স্বচ্ছতা দুর্নীতি রোধ করে
খ স্বচ্ছতা জবাবদিহিতা প্রতিষ্ঠা করে
গ স্বচ্ছতা আইনের শাসন প্রতিষ্ঠা করে
ঘ স্বচ্ছতা স্বেচ্ছারিতা হ্রাস করে

২০. কোন ধরনের স্বাধীনতা ছাড়া রাজনৈতিক স্বাধীনতা অর্থহীন?
ক সামাজিক　খ আইনগত
গ সাংস্কৃতিক　ঘ অর্থনৈতিক

২১. ★ ইলেক্ট্রনিক গভর্নেন্সের মূল লক্ষ্য কী?
ক সুশাসন প্রতিষ্ঠা
খ ব্যক্তি শাসন প্রতিষ্ঠা
গ একদলীয় শাসন
ঘ বিদ্যুৎগতিতে সরকার চালানো

২২. জাতিসংঘ ঘোষিত সর্বজনীন মানবাধিকারের কয়টি ধারা আছে?
ক ২৮টি　খ ৩০টি
গ ৩২টি　ঘ ৩৪টি

২৩. 'রাজনৈতিক জোট' গড়ে উঠার প্রবণতা দেখা যায় কী ধরনের দলীয় ব্যবস্থায়?
ক একদলীয় ব্যবস্থায়
খ দ্বিদলীয় ব্যবস্থায়
গ বহুদলীয় ব্যবস্থায়　ঘ যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায়

২৪. বাংলাদেশে নেতৃত্বের মূল সমস্যা কী?
ক সততা, দেশপ্রেম ও প্রজ্ঞার অভাব
খ অর্থ ও বিষয় সম্পদের অভাব
গ অন্য দেশের ওপর নির্ভরশীলতা
ঘ দেশ থেকে দলকে বড় করে দেখার মানসিকতা

২৫. রাজনৈতিক দল হলো আধুনিক গণতন্ত্রের—
i. মূলভিত্তি
ii. প্রাণ
iii. মূল লক্ষ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৬. চাপসৃষ্টিকারী গোষ্ঠীর প্রধান লক্ষ্য হলো—
ক জাতীয় কল্যাণ সাধন
খ আদর্শ বাস্তবায়ন
গ সরকারি সিদ্ধান্তকে প্রভাবিত করা
ঘ সরকার গঠন

২৭. 'এক জাতি, এক দেশ, এক নেতা'—এটি কোন সরকারের আদর্শ?
ক গণতন্ত্র　খ রাজতন্ত্র
গ সমাজতন্ত্র　ঘ একনায়কতন্ত্র

২৮. ★ আধুনিক বিশ্বে জনমতের গুরুত্ব অপরিসীম। এর যথার্থ কারণ হলো—
ক জনমতকে কেন্দ্র করে গণতন্ত্র টিকে থাকে
খ জনমত গণতন্ত্রকে বাস্তবায়নে সহায়তা করে
গ জনমত সরকারের সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে
ঘ জনমত ও গণতন্ত্র একই সূত্রে গাঁথা

২৯. আমলাদের নিয়োগ পদ্ধতি সমালোচনার উর্ধ্বে। কারণ তারা নিয়োগ লাভ করেন—
ক অর্থের ভিত্তিতে　খ বংশের ভিত্তিতে
গ মেধার ভিত্তিতে　ঘ দলীয় ভিত্তিতে

৩০. জাতীয় রাষ্ট্রের প্রবক্তা বা স্বপ্নদ্রষ্টা কে?
ক হবস　খ ম্যাকিয়াভেলি
গ রুশো　ঘ জন লক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [illegible] | ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com